

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়  
অনলাইন অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০  
শ্রেণি : চতুর্থ  
বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও :

১৫ × ২ = ৩০

- ক) ঈশ্বরকে স্বয়ম্ভু বলা হয় কেন ?  
খ) ঈশ্বরের চেয়ে বড় কে ?  
গ) কোন তিথিতে শিবপূজা করা হয় ?  
ঘ) পাঁচজন মুনি-ঋষির নাম লিখ।  
ঙ) সম্প্রীতি কাকে বলে ?  
চ) সকল ধর্ম কী বলে ?  
ছ) ত্যাগ বলতে কী বুঝ ?  
জ) সহনশীলতার অর্থ কী ?  
ঝ) কারা সর্বদা প্রতিজ্ঞা রক্ষা করে চলে ?  
ঞ) গুরুজন আমাদের জন্য কী করেন ?  
ট) মাথার চুল কেমন রাখতে হবে ?  
ঠ) আসন কী ?  
ড) দেশপ্রেম কাকে বলে ?  
ঢ) দেশপ্রেমিক কাকে বলে ?  
ণ) কখন রথযাত্রা উৎসব পালিত হয় ?

২। সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ কর : (যেকোনো ১২টি)

১২ × ১ = ১২

- ক) ঈশ্বরের ভক্তির সহজ উপায় হচ্ছে সকল ..... ভালোবাসা।  
খ) ঈশ্বর তাঁর ..... প্রকাশের জন্য সৃষ্টি করেন।  
গ) ব্রহ্মপূজার দিন আমরা তিথি ..... করব।  
ঘ) দুর্গার গায়ের রং গাঢ় .....।  
ঙ) আমরা বিশ্বামিত্রের মতো মানুষের ..... করব।  
চ) মহাভারত একটি .....।  
ছ) শ্রদ্ধা হচ্ছে একটি ..... ও ভক্তি করা।  
জ) উদারতাও একটি নৈতিক .....।  
ঝ) আমরা সবসময় প্রতিজ্ঞা রক্ষা করে ..... পালন করব।  
ঞ) ভক্তি করলে ..... পাওয়া যায়।  
ট) শরীরের সঙ্গে মনের ..... সম্পর্ক আছে।।  
ঠ) পা-দুটি ..... করে সোজা হয়ে দাঁড়াতে হবে।  
ড) দেশের প্রতি ধার্মিক মানুষের রয়েছে গভীর .....।  
ঢ) মন্দিরে গেলে দেহ-মন ..... হয়।

৩। বামপাশের কথাগুলোর সাথে ডানপাশের কথাগুলো মিল করে খাতায় লিখ: ৫ × ২ = ১০

বামপাশ	ডানপাশ
ক) ঈশ্বর নিজেই	অনন্ত।
খ) ঈশ্বর যা কিছু করেন	রূপবান।
গ) বিচিত্র তাঁর	আর কেউ নেই।
ঘ) ঈশ্বর অনাদি	নিজের স্রষ্টা।
ঙ) ঈশ্বরের সমান	লীলা।
	সেটাই তাঁর লীলা।
	লাগানো উচিত।

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ : (যেকোনো ৮টি)

৬ × ৮ = ৪৮

- ক) কেন ঈশ্বর সৃষ্টি করেন? সকল জীবের মধ্যে তিনি কীভাবে বিরাজ করেন? কেন ঈশ্বরের প্রতি আমাদের গভীর শ্রদ্ধা, ভালোবাসা ও বিশ্বাস থাকতে হবে? এ সম্পর্কে ৩টি বাক্য লিখ।  
খ) বিষ্ণু রূপে আমাদের পালন করেন কেন? বিষ্ণুপূজা করলে আমাদের কী লাভ হয় এ সম্পর্কে ৪টি বাক্য লিখ।  
গ) তোমার বন্ধু প্রাচীনকালের তপস্যা সম্পর্কে জানতে গিয়ে মুনি সম্পর্কে ধারণা পেল। যারা লোভ-লালসাকে জয় করেছে ও ধর্ম সম্পর্কে জ্ঞান অর্জন করেছেন তাদের কী বলে? তাঁদের সম্পর্কে ৪টি বৈশিষ্ট্য লেখ।  
ঘ) ধর্মগ্রন্থ পাঠ করলে এবং উপদেশ মেনে চললে আমাদের মঙ্গল হয়। হিন্দুদের প্রধান ধর্মগ্রন্থ কী? ধর্মগ্রন্থ বলতে কী বুঝ? এ সম্পর্কে ৩টি বাক্য লেখ।  
ঙ) একটি সমাজে ভিন্ন ভিন্ন মত ও পথের লোকজন একত্রে বাস করে। প্রত্যেকেরই নিজের মতের প্রতি বিশ্বাস ও ভালোবাসা আছে। একে অপরকে মানিয়ে বা সহ্য করার ক্ষমতাকে সমাজে কী বলে? এই নৈতিক গুণটির অভাবে কী ক্ষতি হতে পারে সে সম্পর্কে ২টি বাক্য লেখ এবং এর প্রয়োজনীয়তা সম্পর্কেও ২টি বাক্য লিখ।  
চ) তোমার শিক্ষক তোমাকে এমন একজন মুনি ঋষির গল্প শোনালেন যে কীনা দেবতাদের মঙ্গলের জন্য দেহত্যাগ করেছিলেন। তোমার শিক্ষক তোমাকে কোন মুনি ঋষির গল্প শুনিয়েছে? এ মুনি কীভাবে দেবতাদের সাহায্য করেছিলেন এ সম্পর্কে ৪টি বাক্য লিখ।  
ছ) 'রাজার প্রতিজ্ঞা রক্ষা' রাজা অলক্ষ্মীর মূর্তি কিনে কোন নৈতিক গুণটির প্রকাশ করেছেন? এ গল্প থেকে আমরা কী নীতি শিক্ষা পাই তা ৪টি বাক্যে লিখ।  
জ) আমাদের সবার গুরুজন আমাদের জ্ঞানের আলো দেখান। কোনটি ভালো, কোনটি মন্দ তা তিনি শিখান। তাঁর শিক্ষায় আমাদের জীবন সুন্দর হয়। তাই আমরা সব সময় গুরুজনদের কী করব? আরণির গুরুভক্তি গল্প থেকে আমরা কী নীতিশিক্ষা পাই তা ৪টি বাক্যে আলোচনা করো।  
ঝ) তোমার ছোট বোন পরিষ্কার-পরিচ্ছন্ন জীবনযাপন করতে ভালোবাসে। শরীর সুস্থ থাকার নাম কী? সে কীভাবে শরীর সুস্থ রাখতে পারে সে সম্পর্কে ৪টি বাক্য লিখ।  
ঞ) জগতের সকল প্রাণী তার নিজ বাসস্থানকে ভালোবাসে আমরাও ভালোবাসি নিজের দেশকে। দেশের প্রতি আমাদের এই মমত্ববোধ ও ভালোবাসাকে কী বলা হয়? আমাদের এই মহৎ গুণটি সম্পর্কে ৪টি বাক্য লিখ।